

৬ দৈনিক ইনকিলাব

# আল্-বুর্হান

বিস্মিল্লাহির রাহমানির রাহীম  
পনম করুনামসু দসালু আল্লাহুনামে আরশু করছি

॥ ৯০ ॥ ইয়া আইয়্যাহাজ্জিনা আমানু ইনামাল্ খামরু ওয়াল মাইছিরু ওয়াল আনছাবু ওয়াল আজলামু রিজ্জুহুম্ মিন্ আমালিশ্ শাইয়্বানি ফাজ্জতানিবুহ্ লাআল্লালাকুম্ তুফলিহুন।

হে ইমানদারগণ! মদ, জুয়া, মূর্তিপূজার বেদী ও ভাগ্য নির্ণয়কারী শর নিক্ষেপ নাপাক বস্তু ও শয়তানের কাজ, সুতরাং তোমরা তা বর্জন কর, যাতে তোমরা সফলকাম হতে পার।

[পারা-৭, সূরা মায়িদা, রুকু ১২, আয়াত ৯০]

॥ ৯১ ॥ ইনামা ইউরিদুশ শাইয়্বানু আইয়ু ক্বিয়া বাইনাকুমুল আদাওয়াতা ওয়াল বায়্বাতা ফিল খামারি ওয়াল মাইছিরি ওয়া ইয়াছুদ্বাকুম্ আন্ জিকরিলাহি ওয়া আনিহ্ ছালাতি ফাহাল্ আতুম্ মুনতাহন।

(শয়তান তো মদ ও জুয়া দ্বারা তোমাদের মাঝে শত্রুতা ও বিদ্বেষ ঘটাতে চায়, এবং তোমাদের আল্লাহর স্মরণে ও সালাতে বাধা দিতে চায়, তবে কি তোমরা তা পরিত্যাগ করবে না?)

[পারা-৭, সূরা মায়িদা, রুকু ১২, আয়াত ৯১]

॥ ১০০ ॥ ফুল্ লাইয়াছতাবিল্ খাবিহু ওয়াত্ তাইয়িবু ওয়া লাউ আ জ্বাবাকা কাছরাতুল্ খাবিহি, ফাত্বাকুল্লাহা ইয়া উলিল্ আলবাব।

(বলে দিন, অপবিত্র ও পবিত্র এক সমান নয়, যদিও অপবিত্রের আধিক্য তোমায় চমৎকৃত করে, সুতরাং হে বোধ শক্তি সম্পন্ন লোকেরা! আল্লাহকে ভয় কর, যাতে করে সফলতা অর্জন করতে পার।)

[পারা-৭, সূরা মায়িদা, রুকু ১৩, আয়াত ১০০]

॥ ৩৩ ॥ ওয়া মান আহছানু কাউলাম্ মিন্মান দাআ ইলাল্লাহি ওয়া আমিলা ছালিহাও ওয়া ক্বালা ইমানি মিনাল্ মুছলিমীন।

(ঐ ব্যক্তি অপেক্ষা উত্তম বাণী কে! যে আল্লাহর প্রতি মানুষকে আহ্বান করে, সংকর্ম করে, এবং বলে আমি তো আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।)

[পারা-২৪, সূরা হা-মীম-মাজদা, রুকু-৫ আয়াত ৩৩]

\*এই অংশটুকু হেফাজত করুন।